



তাগিদপত্র

২৮/০৫/১৪২৬বঙ্গাব্দ

তারিখ: ০৬-০৯/২০১৯খ্রিস্টাব্দ

স্লুরক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১২৫.২০১৯/১৬৫৬/৮

বিষয় : কারণ দর্শনো নোটিশ।

সূত্র : (ক) অধ্যক্ষ এর পত্র নং- ২০১৯/১৮৯৬; তারিখ: ১৯/০৫/২০১৯খ্রি।

(খ) ৩৭.০২.০০০০.১০৫.৩১.১২৫.২০১৯/২৯৩৭/৮; তারিখ: ২৪/০৭/২০১৯খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন জামিরতা ডিগ্রি কলেজের এমএলএসএস (মালি) সেলিম রেজার অভিযোগের বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহজাদপুরকে জেলা শিক্ষা অফিস, সিরাজগঞ্জ কর্তৃক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে এমএলএসএস (মালি) পদে পূর্বে নিয়োগপ্রাপ্ত সেলিম রেজা এবং পরে নিয়োগপ্রাপ্ত মোঃ শরিফুল ইসলাম এই দুইজনের মধ্যে কাকে এমএলএসএস (মালি) পদে এমপিওভুক্ত করা যায়- সে বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ অনুরোধ করেন।

তদন্ত কর্মকর্তার মতামত এবং সেলিম রেজা, এমএলএসএস (মালি) এর আবেদনের প্রেক্ষিতে পূর্বে সৃষ্টি পদে নিয়োগকৃত সেলিম রেজা, এমএলএসএস (মালি) কে জনবল কাঠামো ৯ (ii) ধারা মোতাবেক পদ সমন্বয় না করে জনাব আব্দুল লতিফ, এমএলএসএস (মালি) এর মৃত্যুজনিত কারণে প্যাটার্নভুক্ত শূন্য পদে মোঃ শরিফুল ইসলাম, এমএলএসএস (মালি) কে নিয়োগ প্রদান করার কারণ ব্যাখ্যা করার জন্য জামিরতা ডিগ্রি কলেজের অধ্যক্ষকে পত্র দেয়া হয়। অধ্যক্ষ জবাব প্রেরণ করেন।

জামিরতা ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মোঃ হায়দার আলী বর্ণিত কলেজের সেলিম রেজাকে, এমএলএসএস (মালি) পদে সমন্বয় না করার কারণ হিসেবে যে ব্যাখ্যা প্রদান করেছেন তা সম্ভোজনক নয়, তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার ২২/০৪/২০১৯খ্রি। তারিখের পত্রের আদেশ মোতাবেক নিয়োগ বিজ্ঞপ্তির কথা জানালেও সেই পত্রের কপি ও পত্রের প্রেক্ষাপট জানাননি।

সৃষ্টি পদে নিয়োগকৃত সেলিম রেজা, এমএলএসএস (মালি) কে জনবল কাঠামো ৯ (ii) ধারা মোতাবেক পদ সমন্বয় না করে জনাব আব্দুল লতিফ, এমএলএসএস (মালি) এর মৃত্যুজনিত কারণে প্যাটার্নভুক্ত শূন্য পদে মোঃ শরিফুল ইসলাম, এমএলএসএস (মালি) কে নিয়োগ প্রদান করায় জনবল কাঠামোর ১৮.১ এর (খ) ও (গ) ধারা মোতাবেক কেন তাঁর এমপিও কর্তৃন করা হবে না সে বিষয়ে কারণ ব্যাখ্যা করার জন্য সূত্রস্থ (খ) পত্র মোতাবেক অধ্যক্ষকে পত্র দেয়া হয়। কিন্তু অদ্যাবধি অধ্যক্ষ কারণ ব্যাখ্যা করেননি।

এমতাবস্থায়, সৃষ্টি পদে নিয়োগকৃত সেলিম রেজা, এমএলএসএস (মালি) কে জনবল কাঠামো ৯ (ii) ধারা মোতাবেক পদ সমন্বয় না করে জনাব আব্দুল লতিফ, এমএলএসএস (মালি) এর মৃত্যুজনিত কারণে প্যাটার্নভুক্ত শূন্য পদে মোঃ শরিফুল ইসলাম, এমএলএসএস (মালি) কে নিয়োগ প্রদান করায় জনবল কাঠামোর ১৮.১ এর (খ) ও (গ) ধারা মোতাবেক কেন তাঁর এমপিও কর্তৃন করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৩ (তিনি) কর্মদিবসের মধ্যে কারণ ব্যাখ্যা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪/৫/৮.৯.১৯

(মো. আব্দুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dsheets.gov.bd

জনাব মোঃ হায়দার আলী

অধ্যক্ষ

জামিরতা ডিগ্রি কলেজ

শাহজাদপুর, সিরাজগঞ্জ

অনুলিপি:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, জামিরতা ডিগ্রি কলেজ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
- ২। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ
- ৪। সংরক্ষণ নথি।